



# তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্য বিবরণী

নম্বর-১২

চলমান বিদ্যুৎ পরিস্থিতি নিয়ে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাগণের সাথে মতবিনিময় সভা

রাজশাহী; ১৪ আবণ (২৯ জুলাই) :

আজ (২৯ জুলাই) শুক্রবার সকালে সার্কিট হাউজ, রাজশাহীর সম্মেলনকক্ষে চলমান **বিদ্যুৎ পরিস্থিতি** নিয়ে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাগণের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভার আয়োজন করেন রাজশাহী জেলা প্রশাসন।

রাজশাহী জেলা প্রশাসক আব্দুল জলিল বলেন, আমাদের দেশে বিদ্যুতের কোন ঘাটতি নেই। কিন্তু বৈশ্বিক প্রেক্ষাপটের কারণে বিদ্যুৎ উৎপাদনের জন্য যে কাঁচামাল, সেটা সরবরাহ কিছুটা কম হওয়ায় সাময়িক সমস্যা হচ্ছে। আগামী সেপ্টেম্বর-অক্টোবরের মধ্যে এই সমস্যার সমাধান হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

জেলা প্রশাসক বলেন, বিদ্যুৎ আমাদের রাষ্ট্রের সম্পদ, আমাদের দেশের সম্পদ, আপনার-আমার সকলের সম্পদ। কাজেই এই সম্পদের সঠিক ব্যবহার করা আমাদের সকলের দায়িত্ব। সারা বিশ্ব বর্তমানে বিভিন্ন বিষয়ে চ্যালেঞ্জ মোকাবেলা করছে, এটি যেনো আমরা খুব সহজে মোকাবেলা করতে পারি। এর মোকাবিলায় আমাদের সম্মিলিত প্রচেষ্টা দরকার।

তিনি আরও বলেন, এটা সরকারের কোন ব্যর্থতা নয়। সরকারের ডলার আছে, সরকারের যথেষ্ট সক্ষমতাও রয়েছে। সরকারের অর্থনৈতিক অবস্থা খুবই মজবুত রয়েছে। একটা শ্রেণী সরকারের উন্নয়নে উর্ধ্বাস্থিত হয়ে গুজব ছড়াচ্ছে। এটিকে প্রতিরোধ করতে হবে। সাময়িক বিদ্যুতের এ সমস্যায় সকলকে ধৈর্য ধারণ করতে হবে।

মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত ডিআইজি মো: সুজায়েত ইসলাম, নেসকোর চীফ ইঞ্জিনিয়ার মো: আব্দুর রশিদ, অতিরিক্ত পুলিশ সুপার সনাতন চক্রবর্তীসহ বিদ্যুৎ বিভাগের কর্মকর্তা, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। ####

.....  
তোহিদ/আতিক/রহুল/২০২২/১৫:০০ ঘ.